দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 APR 1989
পৃষ্ঠা ... কলাম ...

# শহীদ মুক্তিযোদ্ধার নামে স্থাপিত কলেজে অগ্নিসংযোগ

রাজবাড়ী ১০ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)—স্বাধীনতা যুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধা দিয়ানত আলীর নামে পাংশা উপজেলার মৃগী গ্রামে প্রতিষ্ঠিত কলেজটি একদল লোক রাতের অন্ধকারে পোড়াইয়া দেওয়া ছাড়াও উক্ত শহীদের কবরটি কোপাইয়া ভাঙ্গিয়া নিশ্চিহ্ন করিয়া দেয়। গত ১১ই মার্চ রাত্রে এই ধ্বংসাত্মক ঘটনা ঘটে। প্রকাশ, হামলাকারী দল কলেজের নৈশপ্রহরীকে বাঁধিয়া রাখিয়া কলেজ গৃহে পেট্রোল ছিটাইয়া অগ্নিসংযোগ করে।

এলাকাবাসী এব্যাপারে স্বাধীনতা বিরোধী চক্রের উপর অভিযোগ আনিয়াছে। এই ঘটনার প্রতিবাদে রাজবাড়ী মুক্তিযোদ্ধা সংসদ ইউনিটের আহ্বানে গত ১৯শে মার্চ অর্ধদিবস হরতাল পালিত হয়। এলাকাবাসী ঐ ঘটনায় দোষী লোকদের কঠোর শাস্তি প্রদানের দাবী জানাইয়াছে।